**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 10-04-24** **Desk in Charge:**
**Time : 7-50 P.M.** **Compiling :**
**Morning /Day /Evening National/ Regional/ General**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ সন্দেশখালি কান্ডে কলকাতা হাইকোর্ট CBI তদন্তের নির্দেশ দিয়েছে। অন্যদিকে, ভূপতিনগরের ঘটনায় NIA-কে রক্ষাকবচ দিয়েছে হাইকোর্ট।

# বালুরঘাটে প্রচারে এসে প্রবীন বিজেপি নেতা স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ সন্দেশখালি ও ভূপতি নগর কান্ডে তৃণমূল কংগ্রেস এবং মুখ্যমন্ত্রীকে কড়া ভাষায় আক্রমণ করেছেন।

২/ আসানসোল লোকসভা কেন্দ্রে বিজেপির প্রার্থী হচ্ছেন, বর্ধমান-দুর্গাপুরের বিদায়ী সাংসদ সুরিন্দার সিং আহলুয়ালিয়া।

৩/ ১৯ এপ্রিল প্রথম দফার লোকসভা ভোটে উত্তরবঙ্গের তিন আসনে ২৬৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের প্রস্তাব দিয়েছে রাজ্য পুলিশ।

৪/ প্রথম দফার লোকসভা নির্বাচনে জলপাইগুড়ি কেন্দ্রের প্রস্তুতি আজ খতিয়ে দেখেন বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা।

৫/ ভোট প্রচারে স্বচ্ছতা ও দায়বদ্ধতা আনতে, হোর্ডিং সহ ছাপানো নির্বাচনী সামগ্রীর ওপর মুদ্রণকারী ও প্রকাশকের নাম বাধ্যতামূলকভাবে উল্লেখ করতে নির্বাচন কমিশন, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে নির্দেশ দিয়েছে।

৬/ পবিত্র রমজান মাসের কৃচ্ছসাধন শেষে আগামীকাল রাজ্য জুড়ে পালিত হবে খুশির ইদ।

****************************************************************

সন্দেশখালি ও ভূপতি নগর কান্ডে কলকাতা হাইকোর্টে বড়সড় ধাক্কা খেল রাজ্য সরকার। প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ, সন্দেশখালিতে জমি দখল, মহিলাদের ওপর যৌন নির্যাতন সহ বিভিন্ন ঘটনার CBI তদন্তের নির্দেশ দিয়েছেন। নতুন ইমেল আইডি চালু করে সন্দেশখালির সমস্ত অভিযোগ জমা নিতে হবে CBI-কে। আদালতের নজরদারিতে তদন্ত চলবে। সন্দেশখালির স্পর্শকাতর এলাকা চিহ্নিত করে ১৫ দিনের মধ্যে অগ্রাধিকারের ভিত্তিতে লাগাতে হবে CC ক্যামেরা ও LED আলো। এজন্য প্রয়োজনীয় অর্থ জোগাবে রাজ্য। সন্দেশখালি নিয়ে হাইকোর্টে ৫টি জনস্বার্থ মামলা দায়ের করা হয়। একত্রে সবগুলির শুনানিতে ডিভিশন বেঞ্চের পর্যবেক্ষণ, ন্যায়বিচারের স্বার্থে সন্দেশখালির বিভিন্ন ঘটনায় যে নিরপেক্ষ তদন্তের প্রয়োজন, তাতে আদালতের কোনো সন্দেহ নেই। মামলার সব পক্ষকে আগামী ১৫ দিনের মধ্যে CBI-এর কাছে অভিযোগ জমা দিতে হবে। পরবর্তী শুনানি দোসরা মে।
অন্যদিকে, ভূপতিনগরের ঘটনায় NIA-কে রক্ষাকবচ দিয়েছে হাইকোর্ট। NIAআধিকারিকদের গ্রেফতার করতে পারবে না পুলিশ। তবে তাঁদের ভিডিও কনফারেন্সের মাধ্যমে জিজ্ঞাসাবাদ করা যাবে। আজ এই নির্দেশ দিয়েছেন কলকাতা হাইকোর্টের বিচারপতি জয় সেনগুপ্ত।  উল্লেখ্য, উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে ৫ই জানুয়ারি ইডির আক্রান্ত হওয়ার ঘটনারই পুনরাবৃত্তি ঘটে পূর্ব মেদিনীপুরের ভূপতিনগরের নাড়ুয়াবিলা গ্রামে। আদালতের নির্দেশে ২০২২-এর এক বিস্ফোরণ কান্ডের তদন্তকারী NIA-র দল গত ৬ই এপ্রিল অভিযুক্ত তৃণমূল কংগ্রেস নেতাদের ধরতে গিয়ে গ্রামবাসীদের আক্রমণের মুখে পড়েন। কিন্তু NIA-এর বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ দায়ের করা হয়। এরই প্রেক্ষিতে আদালতের দ্বারস্থ হয় কেন্দ্রীয় সংস্থা। আজ এই মামলার শুনানিতে বিচারপতি জয় সেনগুপ্ত নির্দেশ দিয়েছেন, NIA-এর উপর আক্রমণের ঘটনার তদন্তের অগ্রগতি সম্পর্কে রিপোর্ট ও কেস ডায়েরি, দু'সপ্তাহের মধ্যে জমা দিতে হবে পুলিশকে। তবে এই সময় তদন্ত চালিয়ে যেতে পারবে পুলিশ। NIA-এর অভিযোগ, তাদের এক আধিকারিককে

জিজ্ঞাসাবাদ করতে চেয়ে ভূপতিনগর থানায় ডেকে পাঠিয়েছে পুলিশ। তাঁর মেডিক্যাল রিপোর্টও চেয়ে পাঠানো হয়েছে। আদালত নির্দেশ দিয়েছে, NIA আধিকারিকদের জিজ্ঞাসাবাদ করতে গেলে ৪৮ ঘণ্টা আগে নোটিশ দিতে হবে পুলিশকে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে জিজ্ঞাসাবাদ করা যাবে, তবে পুলিশ গ্রেপ্তার করতে পারবে না বলে নির্দেশ দিয়েছেন বিচারপতি সেনগুপ্ত।

এদিকে, সন্দেশখালি নিয়ে হাইকোর্টের রায়ের ব্যাপারে তৃণমূল কংগ্রেসের মুখপাত্র মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেছেন- (বাইট- চন্দ্রিমা)

*************************

দক্ষিণ দিনাজপুর থেকে এরাজ্যে ভোটের প্রচার শুরু করলেন, প্রবীণ বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ । বালুরঘাটের প্রার্থী, দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারের সমর্থনে আজ বুনিয়াদপুরে জনসভা করেন তিনি। সন্দেশখালি এবং ভূপতি নগর কান্ডে তৃণমূল কংগ্রেস সরকার ও মুখ্যমন্ত্রীকে তীব্র আক্রমণ করে শ্রী শাহ বলেন, সন্দেশখালি নিয়ে রাজনীতি করা লজ্জাজনক ঘটনা। ভূপতি নগরের বিষ্ফোরণে দোষীদের মমতা ব্যানার্জি আড়াল করতে চাইছেন বলেও অভিযোগ করেন তিনি।

(বাইট- অমিত শা)

তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে কাটমানি এবং CAA নিয়ে মানুষকে ভুল বোঝানোর অভিযোগেও সরব হন অমিত শাহ।

*************************

আসানসোল লোকসভা কেন্দ্রে বিজেপির প্রার্থী হচ্ছেন, বর্ধমান-দুর্গাপুরের বিদায়ী সাংসদ সুরিন্দার সিং আহলুয়ালিয়া। এর আগে এই কেন্দ্রে ভোজপুরি গায়ক পবন সিং-এর নাম ঘোষণা করা হলেও, তিনি সরে দাঁড়ান। এই কেন্দ্রে তৃণমূল কংগ্রেস প্রার্থী করেছে বিদায়ী সাংসদ শত্রুঘন সিন্হাকে। CPIM-এর প্রার্থী হয়েছেন জাহানারা খান। তাঁকে সমর্থন করছে কংগ্রেস। বিজেপি আজ শ্রী আহলুয়ালিয়া সহ ৯’জন প্রার্থীর আরো একটি তালিকা প্রকাশ করেছে।

এদিকে, জয়নগর লোকসভা কেন্দ্রে বামফ্রন্টের প্রার্থী হচ্ছেন, RSP-র সমরেন্দ্র নাথ মন্ডল। বারাসাত কেন্দ্রে প্রার্থী পরিবর্তন করে ফরোয়ার্ড ব্লকের প্রবীর ঘোষের জায়গায় ঐ দলেরই সঞ্জীব চট্টোপাধ্যায়ের নাম ঘোষণা করা হয়েছে।

বামফ্রন্টের এক বিবৃতিতে আজ জানানো হয়েছে, বরানগর বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে প্রার্থী হচ্ছেন CPIM-এর তন্ময় ভট্টাচার্য।

*************************

আগামী উনিশে এপ্রিল প্রথম দফার লোকসভা নির্বাচন অবাধ ও শান্তিপূর্ন রাখতে এরাজ্যে ২৭৭ কোম্পানী বাহিনীর মধ্যে তিনটি আসনে মোট ২৬৩ কোম্পানী মোতায়েন করতে রাজ্য পুলিশের তরফে নির্বাচন কমিশনকে প্রস্তাব দেওয়া হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিককে লেখা চিঠিতে, এরমধ্যে সবচেয়ে বেশি বাহিনী থাকবে কোচবিহারের ২ হাজার ৫৩৭টি ভোট গ্রহন কেন্দ্রে, ১১২ কোম্পানী। এরপরে আলিপুরদুয়ারের এক হাজার ৩০০ টি বুথে ৬৩, জলপাইগুড়ির এক হাজার ৬০৮টি বুথে ৭৫ এবং শিলিগুড়ির ৩৬৯টি বুথের জন্যে ১৩ কোম্প[নী বাহিনী মোতায়েন রাখার কথা বলা হয়েছে। বাকি ১৪ কোম্পানী রাজ্যের অন্যান্য লোকসভা কেন্দ্রে রুট মার্চ সহ আইনশৃঙ্খলা নিয়ন্ত্রনে মোতায়েন থাকবে।

*************************

প্রথম দফার লোকসভা নির্বাচনে জলপাইগুড়ি কেন্দ্রের প্রস্তুতি খতিয়ে দেখতে বিশেষ পুলিশ পর্যবেক্ষক অনিল কুমার শর্মা আজ জেলাশাসক, পুলিশ সুপার ও পর্যবেক্ষকদের সঙ্গে বৈঠক করেন।

জলপাইগুড়ি ইন্সপেকশন বাংলোয় এই বৈঠকের পর জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক সামা পারভিন সাংবাদিকদের জানান, এরপর শ্রী শর্মা আলিপুরদুয়ার এবং কোচবিহারেও যাবেন।

(বাইট- অবসার্ভার /সামা পারভিন)

ভোট কর্মী থেকে EVM, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, ‘ভালনারেব্‌ল’ বুথ সহ সব বিষয় নিয়েই আলোচনা হয়েছে।

*************************

ভোট প্রচারে স্বচ্ছতা ও দায়বদ্ধতা আনতে, হোর্ডিং সহ ছাপানো নির্বাচনী সামগ্রীর ওপর মুদ্রণকারী ও প্রকাশকের নাম বাধ্যতামূলকভাবে উল্লেখ করতে নির্বাচন কমিশন, সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলকে নির্দেশ দিয়েছে।

পৌর কর্তৃপক্ষ নিয়ন্ত্রিত বিভিন্ন এলাকায় মুদ্রণকারী বা প্রকাশকের পরিচিতি ছাড়াই হোর্ডিং দেওয়া হচ্ছে বলে কমিশনের কাছে অভিযোগ আসায় মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার এবং দুই নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ও সুখবীর সিং সান্ধুর বৈঠকে এই নির্দেশ জারির সিদ্ধান্ত নেওয়া হয়। বলা হয়েছে, জনপ্রতিনিধিত্ব আইন অনুযায়ী 'প্রিন্টার ও পাবলিশারের নাম ঠিকানা ছাড়া নির্বাচনী প্রচারপত্র, পোস্টার, প্ল্যাকার্ড বা ব্যানার ছাপানো অথবা প্রকাশ করা নিষিদ্ধ'। প্রচারে অর্থের জোগান নিয়ন্ত্রণ এবং আদর্শ আচরণ বিধির পরিপন্থী কোনো কিছু ছাপানো হলে তার দায়িত্ব নির্দিষ্ট করাই কমিশনের উদ্দেশ্য।

*************************

লোকসভা ভোটের আগে নগদ টাকা ও অন্যান্য সামগ্রী উদ্ধারে নজরদারি বাড়িয়েছে পুলিশ। হাওড়ার গোলাবাড়ি থানা এলাকায় আজ নাকা চেকিং-এর সময় একটি হলুদ ট্যাক্সি থেকে ৫৮ লক্ষ ৭১ হাজার টাকা উদ্ধার হয়। মধ্য প্রদেশের দুই বাসিন্দা ভূপেন্দ্র সিং ও প্রশান্ত সোনি ওই ট্যাক্সিতে কোন্নগর থেকে বড় বাজারে যাচ্ছিলেন। এক স্বর্ণ ব্যাবসায়ীকে দেবার জন্য তারা টাকা নিয়ে যাচ্ছেন বলে জানালেও, কোনো নথিপত্র দেখাতে পারেন নি। আয়কর বিভাগকে বিষয়টি জানানো হয়েছে। জব্বলপুর থেকে দূরপাল্লার ট্রেনে বর্ধমান, সেখান থেকে লোকাল ট্রেনে কোন্নগর এসেছিলেন দু'জন।

*************************

পবিত্র রমজান মাসের কৃচ্ছসাধন শেষে আগামীকাল রাজ্য জুড়ে পালিত হবে খুশির ইদ। দোকানে বাজারে ঈদের কেনাকাটার ভিড় উপচে পড়ছে। আগামীকাল সকাল ন'টায় রেড রোডে প্রথা মেনে ঈদের নমাজ অনুষ্ঠিত হবে। রাজ্যের নানা প্রান্ত থেকে বহু মানুষ ওই অনুষ্ঠানে যোগ দেবেন। উৎসব নির্বিঘ্ন

রাখতে শহরের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হচ্ছে। রেড রোড তথা শহরের গুরুত্বপূর্ণ জায়গা ও দর্শনীয় স্থানগুলিতে বাড়তি পুলিশ মোতায়ন করা হয়েছে। আগামীকাল শহরে তিন হাজারের বেশি পুলিশ কর্মী মোতায়েন থাকবেন বলে জানা গেছে। মেট্রো রেলওয়ে স্টেশন, বিমানবন্দর, শিয়ালদা হাওড়ার মতো জায়গায় বাড়তি পুলিশি নজরদারি রাখা হচ্ছে।

**************************

দিল্লির জওহরলাল নেহরু ষ্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল , পাঞ্জাব এফসি-র মুখোমুখি হয়েছে।

একটু আগে পাওয়া খবরে জানা গেছে, খেলা গোলশূণ্য রয়েছে।

( ইস্টবেঙ্গল ২১ ম্যাচে ২৪ পয়েন্ট নিয়ে এই মুহূর্তে লিগ তালিকার সপ্তম স্থানে আছে। প্লে অফে দৌড়ে থাকতে ইস্টবেঙ্গলকে এই ম্যাচ জিততেই হবে। সেইসঙ্গে অন্য ম্যাচের ফলাফলের ওপর নির্ভর করতে হবে।)

*******************************************************************